গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
গণগ্রন্থাগার অধিদপ্তর
রমনা, ঢাকা।
www.publiclibrary.gov.bd

## ০৫ ফেব্রুয়ারি 'জাতীয় গ্রন্থাগার দিবস ২০২৩' উদ্‌যাপনের লক্ষ্যে জাতীয় কমিটির প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী

সভাপতি : মোঃ আবুল মনসুর
সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
সভার তারিখ : ০৯ জানুয়ারি, ২০২৩ খ্রিস্টাব্দ।
সভার সময় : বিকাল ০৩:০০ টা।
সভার স্থান : সভাকক্ষ, গণগ্রন্থাগার অধিদপ্তর।

(সভায় উপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট 'ক' তে সংযুক্ত)

০৫ ফেব্রুয়ারি 'জাতীয় গ্রন্থাগার দিবস ২০২৩' উদ্‌যাপনের লক্ষ্যে এ সংক্রান্ত জাতীয় কমিটির প্রস্তুতিমূলক সভা ০৯ জানুয়ারি ২০২৩ তারিখে গণগ্রন্থাগার অধিদপ্তরের সভাকক্ষে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী প্রতিষ্ঠান |
|---|---|---|---|---|
| ০১. | প্রতিপাদ্য বিষয়/ স্লোগান এবং লোগো নির্ধারণ | (ক) সভায় সদস্য-সচিব গণগ্রন্থাগার অধিদপ্তরের মহাপরিচালক প্রতিপাদ্য বিষয়ে উপস্থিত সকলের অবগতির জন্য জানান যে, দেশের সকল পর্যায়ের সরকারি গণগ্রন্থাগারসমূহসহ সর্বসাধারণের নিকট ৫ ফেব্রুয়ারি 'জাতীয় গ্রন্থাগার দিবস ২০২৩' এর শ্লোগান/প্রতিপাদ্য আহ্বান করা হয়েছে। প্রস্তাবিত স্লোগান/প্রতিপাদ্যসমূহ সভায় তুলে ধরা হয় এবং সকলের মতামত নেয়া হয়। প্রেক্ষিতে একটি সংক্ষিপ্ত তালিকা প্রস্তুত করা হয়; | (ক) 'জাতীয় গ্রন্থাগার দিবস ২০২৩' এর শ্লোগান/প্রতিপাদ্য নির্ধারণের জন্য সংক্ষিপ্ত তালিকা গণগ্রন্থাগার অধিদপ্তর কর্তৃক সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে। অনুমোদিত স্লোগান/প্রতিপাদ্য জাতীয় গ্রন্থাগার দিবস ২০২৩ উদ্‌যাপনে সকল পর্যায়ে ব্যবহার করার বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়; | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় ও গণগ্রন্থাগার অধিদপ্তর |
| | | (খ) চারুকলার বিভিন্ন শিল্পী দ্বারা বেশ কয়েকটি লোগো-এর খসড়া তৈরি করে সভায় উপস্থাপন করা হয় এবং তার উপর সভায় সকলের মতামত চাওয়া হয়। সদস্যগণ প্রস্তাবিত খসড়া লোগোতে পরিমার্জনের বিষয়ে পরামর্শ প্রদান করেন। | (খ) সদস্যগণের পরামর্শের ভিত্তিতে খসড়া লোগোতে পরিমার্জনের বিষয়ে গণগ্রন্থাগার অধিদপ্তরের সহকারী পরিচালক (প্রশাসন)-কে দায়িত্ব প্রদান করা হয়। পরিমার্জিত লোগো অনুমোদনের জন্য সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ে প্রেরণ করা এবং অনুমোদিত লোগো জাতীয় গ্রন্থাগার দিবস ২০২৩ উদ্‌যাপনে সকল পর্যায়ে ব্যবহার করার বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | ঐ |
| ০২. | উদ্বোধন, আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান | (ক) দিবসটি উদ্‌যাপন উপলক্ষে প্রতি বছরের ন্যায় একটি উদ্বোধনী অনুষ্ঠানের আয়োজন করা যেতে পারে এবং উদ্বোধনী অনুষ্ঠান শেষে গ্রন্থাগারের গুরুত্ব | (ক) ০৫.০২.২০২৩ তারিখে জাতীয় জাদুঘর চত্বরে বেলুন ও ফেস্টুন উড়িয়ে উদ্বোধনী অনুষ্ঠানের আয়োজন করা হবে। উদ্বোধনী অনুষ্ঠান শেষে গ্রন্থাগার দিবসের | গণগ্রন্থাগার অধিদপ্তর ও সংশ্লিষ্ট প্রতিষ্ঠান |

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী প্রতিষ্ঠান |
|---|---|---|---|---|
| | | ও দিবসের তাৎপর্য বিষয়ে আলোচনা অনুষ্ঠানসহ মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা যেতে পারে মর্মে আলোচনা হয়। উদ্বোধন ও আলোচনা সভায় স্বাস্থ্যবিধি মেনে অনধিক ৩০০ জন অতিথিকে অংশগ্রহণের জন্য আমন্ত্রণ জানানো যেতে পারে মর্মে সভায় আলোচনা হয়। এ সকল অনুষ্ঠানে পার্শ্ববর্তী ৫টি শিক্ষা প্রতিষ্ঠান থেকে একজন করে শিক্ষক প্রতিনিধিসহ ১০০জন শিক্ষার্থীর উপস্থিতি নিশ্চিত করা যেতে পারে মর্মে সভায় আলোচনা হয়; | প্রতিপাদ্য বিষয়কে কেন্দ্র করে আলোচনা সভা এবং মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হবে। এ সকল অনুষ্ঠানে স্বাস্থ্যবিধি মেনে পার্শ্ববর্তী ৫টি শিক্ষা প্রতিষ্ঠান থেকে একজন করে শিক্ষক প্রতিনিধিসহ ১০০জন শিক্ষার্থীর উপস্থিতি নিশ্চিত করার বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়; | |
| | | (খ) ০৫.০২.২০২৩ তারিখ বাংলা একাডেমি কর্তৃক 'জাতীয় গ্রন্থাগার দিবস ২০২৩' কে কেন্দ্র করে বিশেষ আলোচনা সভা আয়োজন করার বিষয়ে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের সচিব মহোদয় মত প্রকাশ করেন। এছাড়া দিবসটি উপলক্ষে ইসলামিক ফাউন্ডেশন এর সকল কেন্দ্রে আলোচনা সভা আয়োজন করার বিষয়ে সদস্যগণ মতামত প্রকাশ করেন; | (খ) ০৫.০২.২০২৩ তারিখ 'জাতীয় গ্রন্থাগার দিবস ২০২৩' কেন্দ্র করে বাংলা একাডেমি বিশেষ আলোচনা সভার আয়োজন করবে। ইসলামিক ফাউন্ডেশন সকল কেন্দ্রে আলোচনা সভা আয়োজন করার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে; | বাংলা একাডেমি<br>ও<br>ইসলামিক ফাউন্ডেশন |
| | | (গ) বিভাগীয় ও জেলা পর্যায়ের স্থানীয় কমিটি স্ব-স্ব সিদ্ধান্ত অনুযায়ী অনুষ্ঠানের আয়োজন করবে মর্মে সভায় আলোচনা করা হয়। | (গ) বিভাগীয় ও জেলা পর্যায়ের স্থানীয় কমিটি আলোচনা সভা ও অন্যান্য অনুষ্ঠানের আয়োজন করবে। | বিভাগীয়/জেলা পর্যায়ের স্থানীয় কমিটি এবং সংশ্লিষ্ট অন্যান্য প্রতিষ্ঠান |
| ০৩. | প্রতিযোগিতা/ অনুষ্ঠান আয়োজন | (ক) একাদশ জাতীয় সংসদের 'সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি'র ২৯তম বৈঠকে 'জাতীয় গ্রন্থাগার দিবস' উপলক্ষে সারাদেশে (১-৫ ফেব্রুয়ারি) পাঁচ ধরনের বিষয় নিয়ে অনুষ্ঠান আয়োজনের নির্দেশনা প্রদান করেন। সভায় আলোচনায় জানা যায় যে, মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী এ ধরনের দিবস উদ্‌যাপন তিন দিনের বেশি দীর্ঘায়িত করা যায় না। এ প্রেক্ষিতে নিম্নোক্ত কর্মসূচি গ্রহণ করা যেতে পারে:<br>• চিত্রাংকন প্রতিযোগিতা (২ ফেব্রুয়ারি ২০২৩);<br>• আবৃত্তি প্রতিযোগিতা (৩ ফেব্রুয়ারি ২০২৩);<br>• উপস্থিত বইপাঠ প্রতিযোগিতা (৪ ফেব্রুয়ারি ২০২৩);<br>জাতীয় ও স্থানীয় কমিটি কর্তৃক উপরোক্ত অনুষ্ঠান উল্লিখিত/সুবিধাজনক সময়ে আয়োজন করা যায় বলে আলোচনা হয়; | (ক) 'জাতীয় গ্রন্থাগার দিবস ২০২৩' উদ্‌যাপনে নিম্নোক্ত প্রতিযোগিতা/অনুষ্ঠান আয়োজন করা হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়:<br>• চিত্রাংকন প্রতিযোগিতা (২ ফেব্রুয়ারি ২০২৩);<br>• আবৃত্তি প্রতিযোগিতা (৩ ফেব্রুয়ারি ২০২৩)<br>• উপস্থিত বইপাঠ প্রতিযোগিতা (৪ ফেব্রুয়ারি ২০২৩)<br>স্থানীয় কমিটি উল্লিখিত/সুবিধাজনক সময়ে প্রতিযোগিতাসমূহ আয়োজন করবে; | সংশ্লিষ্ট কমিটি |
| | | (খ) বাংলাদেশ শিশু একাডেমি কর্তৃক 'জাতীয় গ্রন্থাগার দিবস ২০২৩' উপলক্ষে | (খ) বাংলাদেশ শিশু একাডেমি আওতাধীন মাঠ পর্যায়ের অফিসসমূহে চিত্রাংকন | বাংলাদেশ শিশু একাডেমি |

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী প্রতিষ্ঠান |
|---|---|---|---|---|
| | | আওতাধীন মাঠ পর্যায়ের অফিসসমূহে চিত্রাংকন প্রতিযোগিতা আয়োজনের বিষয়ে সভায় আলোচনা হয়;<br><br>(গ) দিবসটি উপলক্ষে জাতীয় গ্রন্থকেন্দ্র সেরা বই পাঠক নির্বাচন প্রতিযোগিতা আয়োজন করবে মর্মে সভায় আলোচনা হয়। | প্রতিযোগিতা আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে;<br><br>(গ) দিবসটি উপলক্ষে জাতীয় গ্রন্থকেন্দ্র সেরা ১০জন বই পাঠক নির্বাচন করে পুরস্কৃত করবে। | <br><br>জাতীয় গ্রন্থকেন্দ্র |
| ০৪. | ক্রোড়পত্র প্রকাশ | (ক) 'জাতীয় গ্রন্থাগার দিবস ২০২৩' উপলক্ষে দৈনিক সংবাদপত্রে ক্রোড়পত্র প্রকাশের বিষয়ে সভায় আলোচনা করা হয়। সরকারের ব্যয় সংকোচন নীতির আলোকে এবারে ক্রোড়পত্র প্রকাশ করা হবে কিনা এ ব্যাপারে মন্ত্রণালয় চূড়ান্ত সিদ্ধান্ত দিতে পারে মর্মে সভায় আলোচনা হয়;<br><br>(খ) ক্রোড়পত্র প্রকাশ করা হলে মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী, সংসদীয় স্থায়ী কমিটির মাননীয় সভাপতি, সচিব ও গণগ্রন্থাগার অধিদপ্তরের মহাপরিচালক এর বাণী অন্তর্ভুক্ত করা যেতে পারে মর্মে আলোচনা হয়। | (ক) 'জাতীয় গ্রন্থাগার দিবস ২০২৩' উপলক্ষে ক্রোড়পত্র প্রকাশের বিষয়ে মন্ত্রণালয় সিদ্ধান্ত প্রদান করবে;<br><br>(খ) ক্রোড়পত্রে মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী, সংসদীয় স্থায়ী কমিটির মাননীয় সভাপতি, সচিব ও গণগ্রন্থাগার অধিদপ্তরের মহাপরিচালক এর বাণী অন্তর্ভুক্ত করা হবে। এসকল বাণী প্রস্তুত করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় ও গণগ্রন্থাগার অধিদপ্তর<br><br>ঐ |
| ০৫. | স্মরণিকা (বিচ্ছুরণ) প্রকাশ | 'জাতীয় গ্রন্থাগার দিবস' উপলক্ষে প্রতি বছর স্মরণিকা প্রকাশ করা হয়ে থাকে। প্রতি বছরের ন্যায় এ বছরেও একটি স্মরণিকা (বিচ্ছুরণ) প্রকাশ করার বিষয়ে আলোচনা করা হয়। বরেণ্য ব্যক্তিবর্গের লেখার সমন্বয়ে স্মরণিকা প্রকাশের জন্য জাতীয় গ্রন্থকেন্দ্রের পরিচালক প্রস্তাব করেন। | 'জাতীয় গ্রন্থাগার দিবস ২০২৩' উপলক্ষে প্রতি বছরের ন্যায় এ বছরেও বরেণ্য ব্যক্তিবর্গের লেখার সমন্বয়ে একটি স্মরণিকা (বিচ্ছুরণ) প্রকাশের সিদ্ধান্ত গৃহীত হয়। | গণগ্রন্থাগার অধিদপ্তর |
| ০৬. | প্রেস কনফারেন্সসহ টিভি চ্যানেল-সমূহে বিশেষ টকশো এবং প্রচার প্রচারণা | (ক) ৫ ফেব্রুয়ারি ২০২৩ এর ২/১ দিন পূর্বে অথবা মাননীয় প্রতিমন্ত্রী, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় এর সুবিধাজনক সময়ে প্রেস কনফারেন্স এর আয়োজন করার বিষয়ে আলোচনা হয়;<br><br>(খ) বিটিভিসহ বিভিন্ন চ্যানেলে 'জাতীয় গ্রন্থাগার দিবস ২০২৩' উপলক্ষে টক-শোর আয়োজন এবং বিভিন্ন অনুষ্ঠান সম্প্রচারের জন্য তথ্য মন্ত্রণালয়'কে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের পক্ষ থেকে অনুরোধ করা যেতে পারে;<br><br>(গ) শহরের বিভিন্ন প্রবেশমুখ (বাংলাদেশ সচিবালয় প্রবেশপথ, মেট্রোরেল স্টেশন-আগারগাঁও, উত্তরা, টিএসসি এলাকা, সদরঘাট, শাহবাগ, দোয়েল চত্তর, বাংলা | (ক) ৫ ফেব্রুয়ারি ২০২৩ এর ২/১ দিন পূর্বে অথবা মাননীয় প্রতিমন্ত্রী, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় এর সুবিধাজনক সময়ে একটি প্রেস কনফারেন্স এর আয়োজন করা হবে;<br><br>(খ) বিটিভিসহ বিভিন্ন চ্যানেলে 'জাতীয় গ্রন্থাগার দিবস ২০২৩' উপলক্ষে আয়োজিত টক-শো এবং বিভিন্ন অনুষ্ঠান সম্প্রচারের জন্য তথ্য মন্ত্রণালয়'কে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের পক্ষ থেকে অনুরোধ করে পত্র প্রেরণ করতে হবে;<br><br>(গ) শহরের বিভিন্ন প্রবেশমুখ (বাংলাদেশ সচিবালয় প্রবেশপথ, মেট্রোরেল স্টেশন-আগারগাঁও, উত্তরা, টিএসসি এলাকা, সদরঘাট, শাহবাগ, দোয়েল চত্তর, বাংলা | গণগ্রন্থাগার অধিদপ্তর<br><br>ঐ<br><br>ঐ |

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী প্রতিষ্ঠান |
|---|---|---|---|---|
| | | একাডেমি বইমেলা প্রাঙ্গণ, মৎস ভবন, কমলাপুর রেল স্টেশন, বিমান বন্দর স্টেশন, পদ্মাসেতু মাওয়া প্রান্ত, গাবতলী ইত্যাদি), গুরুত্বপূর্ণ স্থান, রাস্তার মোড়, ওভারব্রিজসহ সহজে জনগণের দৃষ্টি আকর্ষিত হয় এমন স্থানসমূহ বিলবোর্ড, বেলুন, ব্যানার, ফেস্টুন, ইত্যাদির মাধ্যমে সজ্জিতকরে দিবসটি সম্পর্কে প্রচারণা জোরদার করা যেতে পারে মর্মে আলোচনা হয়। এছাড়াও বাংলাদেশ সচিবালয়ের গেটে একটি বিশেষ বিল বোর্ডের ব্যবস্থা করার জন্য প্রস্তাব করা হয়; | একাডেমি বইমেলা প্রাঙ্গণ, মৎস ভবন, কমলাপুর রেল স্টেশন, বিমান বন্দর স্টেশন, পদ্মাসেতু মাওয়া প্রান্ত, গাবতলী ইত্যাদি), গুরুত্বপূর্ণ স্থান, রাস্তার মোড়, ওভারব্রিজসহ সহজে জনগণের দৃষ্টি আকর্ষিত হয় এমন স্থানসমূহ বিলবোর্ড, বেলুন, ব্যানার, ফেস্টুন, ইত্যাদির মাধ্যমে সজ্জিতকরে দিবসটি সম্পর্কে প্রচারণা জোরদার করার সিদ্ধান্ত গৃহীত হয়; | |
| | | (ঘ) টেলিভিশনের স্ক্রল, এফ. এম রেডিও এবং মোবাইল ফোনে এসএমএস এর মাধ্যমে জাতীয় গ্রন্থাগার দিবস সম্পর্কে প্রচার করার বিষয়ে আলোচনা হয়; | (ঘ) টেলিভিশনের স্ক্রল, এফ. এম রেডিও এবং মোবাইল ফোনে এসএমএস এর মাধ্যমে জাতীয় গ্রন্থাগার দিবস সম্পর্কে প্রচার করা হবে; | গণগ্রন্থাগার অধিদপ্তর |
| | | (ঙ) জেলাসমূহে তথ্য অফিসারগণকে সংযুক্ত করে ভিডিও প্রচারসহ স্কুল-কলেজ, মাদ্রাসা, বড় বড় হাট বাজার, গুরুত্বপূর্ণ স্থানসমূহে জাতীয় গ্রন্থাগার দিবস সম্পর্কে ব্যাপক প্রচারণার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে আলোচনা হয়; | (ঙ) জেলাসমূহে জেলা তথ্য অফিসারগণকে সংযুক্ত করে ভিডিও প্রচারসহ স্কুল-কলেজ, মাদ্রাসা, বড় বড় হাট বাজার এবং গুরুত্বপূর্ণ স্থানসমূহে জাতীয় গ্রন্থাগার দিবস সম্পর্কে ব্যাপক প্রচারণার ব্যবস্থা গ্রহণ করা; | বিভাগীয়/জেলা পর্যায়ের স্থানীয় কমিটি এবং সংশ্লিষ্ট অন্যান্য প্রতিষ্ঠান |
| | | (চ) দেশব্যাপী ভ্রাম্যমাণ লাইব্রেরি শীর্ষক প্রকল্পের গাড়িগুলো শহরের বিভিন্ন স্থানে প্রদক্ষিণ করে জাতীয় গ্রন্থাগার দিবস সম্পর্কে জণসাধারণকে অবহিত করতে পারে মর্মে সভায় আলোচনা হয়। | (চ) দেশব্যাপী ভ্রাম্যমাণ লাইব্রেরি শীর্ষক প্রকল্পের গাড়িগুলো বর্ণিল সাজে সজ্জিত হয়ে শহরের বিভিন্ন স্থানে প্রদক্ষিণ করে জাতীয় গ্রন্থাগার দিবস সম্পর্কে জণসাধারণকে অবহিত করবে। | দেশব্যাপী ভ্রাম্যমাণ লাইব্রেরি শীর্ষক প্রকল্প |
| ০৭. | জেলা কমিটি | ইতোপূর্বে গঠিত জেলা পর্যায়ের কমিটি সম্পর্কে সভার সদস্যগণের মতামত চাওয়া হয়। পূর্বের কমিটিই 'জাতীয় গ্রন্থাগার দিবস ২০২৩' এর জন্য বহাল রাখার বিষয়ে সদস্যগণ একমত পোষণ করেন। | ইতোপূর্বে গঠিত জেলা পর্যায়ের কমিটি 'জাতীয় গ্রন্থাগার দিবস ২০২৩' এর জন্য বহাল থাকবে।<br><br>(কেমিটি তালিকা পরিশিষ্ট 'খ' তে সংযুক্ত করা হলো) | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় ও গণগ্রন্থাগার অধিদপ্তর |
| ০৮. | বিবিধ | (ক) শিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানসমূহে 'জাতীয় গ্রন্থাগার দিবস ২০২৩' উদ্‌যাপন নিশ্চিতকরণের লক্ষ্যে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করার বিষয়ে সভায় আলোচনা হয়। এছাড়াও সংশ্লিষ্ট বিষয়ে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরে আধা-সরকারি পত্র প্রেরণ করার বিষয়ে আলোচনা হয়; | (ক) শিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানসমূহে 'জাতীয় গ্রন্থাগার দিবস ২০২৩' উদ্‌যাপন নিশ্চিতকরণের লক্ষ্যে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হবে। এছাড়াও সংশ্লিষ্ট বিষয়ে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরে আধা-সরকারি পত্র প্রেরণ করা হবে; | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় ও গণগ্রন্থাগার অধিদপ্তর |
| | | (খ) সকল মন্ত্রণালয়ের গ্রন্থাগারসমূহে 'জাতীয় গ্রন্থাগার দিবস ২০২৩' যথাযোগ্য মর্যাদার সাথে পালনের অনুরোধ জানিয়ে | (খ) সকল মন্ত্রণালয়ের গ্রন্থাগারসমূহে 'জাতীয় গ্রন্থাগার দিবস ২০২৩' যথাযোগ্য মর্যাদার সাথে পালনের অনুরোধ জানিয়ে | ঐ |

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী প্রতিষ্ঠান |
|---|---|---|---|---|
| | | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক সংশ্লিষ্ট মন্ত্রণালয়সমুহে পত্র প্রেরণের বিষয়ে সভায় আলোচনা হয়; | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক সংশ্লিষ্ট মন্ত্রণালয়সমুহে পত্র প্রেরণ করা হবে; | |
| | | (গ) সরকারি ও বেসরকারি বিশ্ববিদ্যালয়ের লাইব্রেরিসমূহ যেন ৫ ফেব্রুয়ারি 'জাতীয় গ্রন্থাগার দিবস ২০২৩' গুরুত্বসহকারে পালন করে সেজন্য বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন বরাবর আধা-সরকারি পত্র প্রেরণ করা যেতে পারে মর্মে সদস্যগণ প্রস্তাব রাখেন; | (গ) সরকারি ও বেসরকারি বিশ্ববিদ্যালয়ের লাইব্রেরিসমূহ যেন স্বাস্থ্যবিধি মেনে ৫ ফেব্রুয়ারি 'জাতীয় গ্রন্থাগার দিবস ২০২৩' গুরুত্বসহকারে পালন করে সেজন্য বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন বরাবর আধা-সরকারি পত্র প্রেরণ করা হবে; | ঐ |
| | | (ঘ) বাংলাদেশ ব্যাংকের গ্রন্থাগারসহ এর অধীন বিভিন্ন ব্যাংকের গ্রন্থাগারসমূহে 'জাতীয় গ্রন্থাগার দিবস ২০২৩' পালনের অনুরোধ জানিয়ে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক আধা-সরকারি পত্র প্রেরণ করার বিষয়ে সভায় আলোচনা করা হয়; | (ঘ) বাংলাদেশ ব্যাংকের গ্রন্থাগারসহ এর অধীন বিভিন্ন ব্যাংকের গ্রন্থাগারসমূহে 'জাতীয় গ্রন্থাগার দিবস ২০২৩' পালনের অনুরোধ জানিয়ে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক বাংলাদেশ ব্যাংকে আধা-সরকারি পত্র প্রেরণ করা হবে; | ঐ |
| | | (ঙ) ব্র্যাক কর্তৃক বইপাঠ, চিত্রাঙ্কন প্রতিযোগিতাসহ সকল গণকেন্দ্রে 'জাতীয় গ্রন্থাগার দিবস ২০২৩' পালনের বিষয়ে সভায় আলোচনা হয়; | (ঙ) স্বাস্থ্যবিধি মেনে ব্র্যাক বইপাঠ, চিত্রাঙ্কন প্রতিযোগিতাসহ তাঁদের সকল গণকেন্দ্রে 'জাতীয় গ্রন্থাগার দিবস ২০২৩' পালন করবে; | ব্র্যাক |
| | | (চ) বিভাগীয় ও জেলা কারাগারের আওতাধীন গ্রন্থাগারসমূহ যেন ৫ ফেব্রুয়ারি 'জাতীয় গ্রন্থাগার দিবস ২০২৩' এর কর্মসূচি পালন করে সেজন্য কারা অধিদপ্তরে পত্র প্রেরণ করার বিষয়ে সভায় আলোচনা করা হয়; | (চ) বিভাগীয় ও জেলা কারাগারের আওতাধীন গ্রন্থাগারগুলো যেন স্বাস্থ্যবিধি মেনে ৫ ফেব্রুয়ারি 'জাতীয় গ্রন্থাগার দিবস ২০২৩' এর কর্মসূচি পালন করে সেজন্য কারা অধিদপ্তরকে অনুরোধ জানিয়ে পত্র প্রেরণ করা হবে; | গণগ্রন্থাগার অধিদপ্তর |
| | | (ছ) দিবসটি উপলক্ষে বিভিন্ন প্রতিযোগিতা, আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজনের অনুরোধ জানিয়ে গণগ্রন্থাগার অধিদপ্তর কর্তৃক বৃটিশ কাউন্সিলে পত্র প্রেরণের বিষয়ে সভায় আলোচনা হয়; | (ছ) দিবসটি উপলক্ষে বিভিন্ন প্রতিযোগিতা, আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজনের অনুরোধ জানিয়ে গণগ্রন্থাগার অধিদপ্তর কর্তৃক বৃটিশ কাউন্সিলে পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়; | ঐ |
| | | (জ) এছাড়াও 'জাতীয় গ্রন্থাগার দিবস ২০২৩' উদ্‌যাপনের অনুরোধ জানিয়ে জাতীয় গ্রন্থকেন্দ্র কর্তৃক বেসরকারি গণগ্রন্থাগারসমূহে পত্র প্রেরণের বিষয়ে সভায় আলোচনা হয়; | (জ) 'জাতীয় গ্রন্থাগার দিবস ২০২৩' উদ্‌যাপনের অনুরোধ জানিয়ে জাতীয় গ্রন্থকেন্দ্র কর্তৃক বেসরকারি গণগ্রন্থাগারসমূহে পত্র প্রেরণ করা হবে; | জাতীয় গ্রন্থকেন্দ্র |
| | | (ঞ) ০৫ ফেব্রুয়ারি 'জাতীয় গ্রন্থাগার দিবস ২০২৩' যথাযোগ্য মর্যাদার সাথে দেশব্যাপী উদ্‌যাপনে সহযোগিতা করার অনুরোধ জানিয়ে পার্বত্য জেলা পরিষদ চেয়ারম্যান, জেলা প্রশাসক এবং সংশ্লিষ্ট | (ঞ) ০৫ ফেব্রুয়ারি 'জাতীয় গ্রন্থাগার দিবস ২০২৩' যথাযোগ্য মর্যাদার সাথে দেশব্যাপী উদ্‌যাপনে সহযোগিতা করার অনুরোধ জানিয়ে পার্বত্য জেলা পরিষদ চেয়ারম্যান, জেলা প্রশাসক এবং সংশ্লিষ্ট | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় ও গণগ্রন্থাগার অধিদপ্তর |

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী প্রতিষ্ঠান |
|---|---|---|---|---|
| | | সিটি কর্পোরেশনের মেয়রগণের বরাবর ডিও লেটার প্রেরণের বিষয়ে আলোচনা হয়। | সিটি কর্পোরেশনের মেয়রগণের বরাবর ডিও লেটার প্রেরণ করা হবে। | |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৯.১.২৩

(মোঃ আবুল মনসুর)
সচিব
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
ও
আহ্বায়ক
'জাতীয় গ্রন্থাগার দিবস' উদ্‌যাপন
সংক্রান্ত জাতীয় কমিটি

স্মারক: ৪৩.২৬.০০০০.০০১.২৩.০০৭.২২- ৪৭(২৭৮) তারিখ: ০৯.০১.২০২৩ খ্রিস্টাব্দ

**সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

০১. চেয়ারম্যান, পার্বত্য জেলা পরিষদ, রাঙামাটি/বান্দরবান/খাগড়াছড়ি।
০২. মহাপরিচালক, বাংলা একাডেমি, ঢাকা।
০৩. মহাপরিচালক, শিল্পকলা একাডেমি, সেগুনবাগিচা, ঢাকা।
০৪. মহাপরিচালক, জাতীয় জাদুঘর, শাহবাগ, ঢাকা।
০৫. মহাপরিচালক, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
০৬. মহাপরিচালক, প্রত্নতত্ত্ব অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
০৭. মহাপরিচালক, বাংলাদেশ ইসলামিক ফাউন্ডেশন, আগারগাঁও, ঢাকা।
০৮. নির্বাহী পরিচালক, কবি নজরুল ইনস্টিটিউট, ধানমন্ডি, ঢাকা।
০৯. মহাপরিচালক, বাংলাদেশ শিশু একাডেমি, ঢাকা।
১০. পরিচালক, প্রশাসন ও হিসাব, গণগ্রন্থাগার অধিদপ্তর, রমনা, ঢাকা।
১১. পরিচালক, জাতীয় গ্রন্থকেন্দ্র, ঢাকা।
১২. যুগ্মসচিব (অনুষ্ঠান), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩. যুগ্মসচিব (লাইব্রেরি), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪. জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয় (সকল)।
১৫. প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব (প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় জ্ঞাতার্থে), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৬. সচিব মহোদয়ের একান্ত সচিব (সচিব মহোদয়ের সদয় জ্ঞাতার্থে), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৭. প্রকল্প পরিচালক, দেশব্যাপী ভ্রাম্যমাণ লাইব্রেরি শীর্ষক প্রকল্প, গণগ্রন্থাগার অধিদপ্তর, রমনা, ঢাকা।
১৮. কান্ট্রি ডিরেক্টর, বৃটিশ কাউন্সিল, ঢাকা, বাংলাদেশ।
১৯. পরিচালক, শিক্ষা ও সংস্কৃতি, ব্র্যাক, ঢাকা।
২০. চেয়ারম্যান, তথ্যবিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়।
২১. লাইব্রেরিয়ান, ঢাকা বিশ্ববিদ্যালয় গ্রন্থাগার, ঢাকা।
২২ পরিচালক, বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার (সকল)।
২৩. সভাপতি, লাইব্রেরি এ্যাসোসিয়েশন অব বাংলাদেশ, ঢাকা।
২৪. ডিভিশনাল কন্ট্রোলার একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, ডিভিশনাল কন্ট্রোলার একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসারের কার্যালয় (সকল)।
২৫. প্রিন্সিপাল লাইব্রেরিয়ান-কাম-উপপরিচালক, গণগ্রন্থাগার অধিদপ্তর, রমনা, ঢাকা।
২৬. প্রিন্সিপাল লাইব্রেরিয়ান (উপপরিচালক), গণগ্রন্থাগার অধিদপ্তর, রমনা, ঢাকা।
২৭. প্রিন্সিপাল লাইব্রেরিয়ান-কাম-উপপরিচালক, বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার (সকল)।
২৮. লাইব্রেরিয়ান, জেলা সরকারি গণগ্রন্থাগার, (সকল)।

২৯. .....................................................................................................................................................।
৩০. জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসারের কার্যালয় (সকল)।
৩১. সভাপতি, বাংলাদেশ এ্যাসোসিয়েশন অব লাইব্রেরিয়ানস, ইনফরমেশন সায়েন্টিস্ট এন্ড ডকুমেন্টালিস্টস, ঢাকা।
৩২. সহকারী পরিচালক (উন্নয়ন), গণগ্রন্থাগার অধিদপ্তর, রমনা, ঢাকা।
৩৩. লাইব্রেরিয়ান/সহকারী পরিচালক (পরিসংখ্যান), গণগ্রন্থাগার অধিদপ্তর, রমনা, ঢাকা।
৩৪. লাইব্রেরিয়ান (পাঠকসেবা), গণগ্রন্থাগার অধিদপ্তর, রমনা, ঢাকা।
৪৫. সহকারী পরিচালক, সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার, রমনা, ঢাকা।
৩৬. লাইব্রেরিয়ান (কারিগরি ও প্রক্রিয়াকরণ), গণগ্রন্থাগার অধিদপ্তর, রমনা, ঢাকা।
৩৭. সহকারী পরিচালক (প্রশাসন ও হিসাব), গণগ্রন্থাগার অধিদপ্তর, রমনা, ঢাকা।
৩৮. সহকারী পরিচালক (সংগ্রহ ও বিতরণ), গণগ্রন্থাগার অধিদপ্তর, রমনা, ঢাকা।
৩৯. সহকারী প্রোগ্রামার, গণগ্রন্থাগার অধিদপ্তর, রমনা, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪০. মেইনটেনেন্স সুপারভাইজার, গণগ্রন্থাগার অধিদপ্তর, রমনা, ঢাকা।
৪১. সহকারী লাইব্রেরিয়ান (সকল), গণগ্রন্থাগার অধিদপ্তর, রমনা, ঢাকা।
৪২. মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, গণগ্রন্থাগার অধিদপ্তর, রমনা, ঢাকা।
৪৩. অফিস কপি।

৭/৮/২৩

(মোঃ আবুবকর সিদ্দিক)
মহাপরিচালক
ও
সদস্য সচিব
'জাতীয় গ্রন্থাগার দিবস' উদ্‌যাপন
সংক্রান্ত জাতীয় কমিটি
ফোন: ০২-২২২২২৯৪৫৮
e-mail: dg.dpl.2012@gmail.com

পরিশিষ্ট - 'ঝ'

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
শাখা-৪
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moca.gov.bd

স্মারক নম্বর: ৪৩.০০.০০০০.১১৩.২৩.০৪২.১৮. ৫৭

তারিখ: ১৬ মাঘ ১৪২৮ বঙ্গাব্দ
৩০ জানুয়ারি ২০২২ খ্রিস্টাব্দ

## অফিস আদেশ

প্রতিবছর ৫ ফেব্রুয়ারি 'জাতীয় গ্রন্থাগার দিবস' হিসেবে উদ্‌যাপনের লক্ষ্যে সংশ্লিষ্ট সংসদ সদস্য/সিটি কর্পোরেশনের মেয়রদের উপদেষ্টা হিসেবে রেখে নিম্নোক্তভাবে জেলা কমিটি (তিন পার্বত্য জেলা ব্যতীত) নির্দেশক্রমে গঠন করা হলো (জ্যেষ্ঠতাক্রমে নয়):

| | | | |
|---|---|---|---|
| ০১. | জেলা প্রশাসক | : | আহ্বায়ক |
| ০২. | প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ | : | সদস্য |
| ০৩. | পুলিশ সুপার | : | সদস্য |
| ০৪. | অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/শিক্ষা ও আইসিটি) | : | সদস্য |
| ০৫. | প্রতিনিধি, জেলা সদরে অবস্থিত সরকারি কলেজ | : | সদস্য |
| ০৬. | প্রতিনিধি, সিটি কর্পোরেশন/সদর পৌরসভা | : | সদস্য |
| ০৭. | উপপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, বাংলাদেশ | : | সদস্য |
| ০৮. | জেলা শিক্ষা অফিসার | : | সদস্য |
| ০৯. | জেলা প্রাথমিক শিক্ষা অফিসার | : | সদস্য |
| ১০. | জেলা শিশু বিষয়ক কর্মকর্তা | : | সদস্য |
| ১১. | জেলা তথ্য অফিসার | : | সদস্য |
| ১২. | জেলা কালচারাল অফিসার | : | সদস্য |
| ১৩. | প্রধান শিক্ষক, জেলা স্কুল/জেলা সরকারি উচ্চ বিদ্যালয় | : | সদস্য |
| ১৪. | সভাপতি/সাধারণ সম্পাদক, বাংলাদেশ গ্রন্থাগার সমিতি | : | সদস্য |
| ১৫. | জেলা প্রতিনিধি, ব্র্যাক | : | সদস্য |
| ১৬. | প্রতিনিধি (জেলা বেসরকারি গ্রন্থাগার সমিতি) | : | সদস্য |
| ১৭. | সাধারণ সম্পাদক, জেলা সদরে অবস্থিত ঐতিহ্যবাহী গ্রন্থাগার | : | সদস্য |
| ১৮. | উপপরিচালক/ লাইব্রেরিয়ান, বিভাগীয়/জেলা সরকারি গণগ্রন্থাগার | : | সদস্য সচিব |

উল্লেখ্য, কমিটি প্রয়োজন অনুযায়ী সদস্য কো-অপ্ট করতে পারবে।

<u>কমিটির কার্যপরিধি:</u> ৫ ফেব্রুয়ারি 'জাতীয় গ্রন্থাগার দিবস' উদ্‌যাপন সংক্রান্ত জাতীয় কমিটি'র সিদ্ধান্ত অনুযায়ী জেলা পর্যায়ে 'জাতীয় গ্রন্থাগার দিবস' উদ্‌যাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

৩০/১/২০২২
(ড. ললিতা রানী বর্মন)
উপসচিব
ফোন: ৯৫৪৫৯৩৫

অপর পাতায় দ্রষ্টব্য

পরিশিষ্ট - 'ঙ'


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
শাখা-৪
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moca.gov.bd


স্মারক নম্বর: ৪৩.০০.০০০০.১১৩.২৩.০২৪.১৮. ৬৮ | তারিখ: ১৭ মাঘ ১৪২৮ বঙ্গাব্দ / ৩১ জানুয়ারি ২০২২ খ্রিস্টাব্দ

## অফিস আদেশ

প্রতিবছর ৫ ফেব্রুয়ারি 'জাতীয় গ্রন্থাগার দিবস' হিসেবে উদ্‌যাপনের লক্ষ্যে তিন পার্বত্য জেলা (বান্দরবান, রাঙ্গামাটি, খাগড়াছড়ি) এর জন্য নিম্নোক্তভাবে নির্দেশক্রমে একটি কমিটি গঠন করা হলো (জ্যেষ্ঠতাক্রমে নয়):

| | | | |
|---|---|---|---|
| ০১. | চেয়ারম্যান, পার্বত্য জেলা পরিষদ | : | আহ্বায়ক |
| ০২. | প্রধান নির্বাহী কর্মকর্তা, পার্বত্য জেলা পরিষদ | : | সদস্য |
| ০৩. | পুলিশ সুপার | : | সদস্য |
| ০৪. | অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/শিক্ষা ও আইসিটি) | : | সদস্য |
| ০৫. | প্রতিনিধি, জেলা সদরে অবস্থিত সরকারি কলেজ | : | সদস্য |
| ০৬. | প্রতিনিধি, সদর পৌরসভা | : | সদস্য |
| ০৭. | উপপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, বাংলাদেশ | : | সদস্য |
| ০৮. | জেলা শিক্ষা অফিসার | : | সদস্য |
| ০৯. | জেলা প্রাথমিক শিক্ষা অফিসার | : | সদস্য |
| ১০. | জেলা শিশু বিষয়ক কর্মকর্তা | : | সদস্য |
| ১১. | জেলা তথ্য অফিসার | : | সদস্য |
| ১২. | জেলা কালচারাল অফিসার | : | সদস্য |
| ১৩. | সভাপতি/সাধারণ সম্পাদক, বাংলাদেশ গ্রন্থাগার সমিতি | : | সদস্য |
| ১৪. | জেলা প্রতিনিধি, ব্র্যাক | : | সদস্য |
| ১৫. | প্রতিনিধি (জেলা বেসরকারি গ্রন্থাগার সমিতি) | : | সদস্য |
| ১৬. | সাধারণ সম্পাদক, জেলা সদরে অবস্থিত ঐতিহ্যবাহী গ্রন্থাগার | : | সদস্য |
| ১৭. | প্রধান শিক্ষক, জেলা স্কুল/জেলা সরকারি উচ্চ বিদ্যালয় | : | সদস্য |
| ১৮. | সিনিয়র লাইব্রেরিয়ান/লাইব্রেরিয়ান, পার্বত্য তিন জেলা সরকারি গণগ্রন্থাগার | : | সদস্য সচিব |

উল্লেখ্য, কমিটি প্রয়োজন অনুযায়ী সদস্য কো-অপ্ট করতে পারবে।

কমিটির কার্যপরিধি : ৫ ফেব্রুয়ারি 'জাতীয় গ্রন্থাগার দিবস' উদ্‌যাপন সংক্রান্ত জাতীয় কমিটি'র সিদ্ধান্ত অনুযায়ী পার্বত্য জেলাসমূহে 'জাতীয় গ্রন্থাগার দিবস' উদ্‌যাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

৩১/১/২০২২


ড. ললিতা রানী বর্মন
উপসচিব (লাইব্রেরি)
ফোন: ৯৫৪৫৯৩৫


অপর পাতায় দ্রষ্টব্য

F:\Pablic Library\৫ ফেব্রুয়ারি (গ্রন্থদিবস)\Letter.docx